# Times Today BD

নূর আলম | ময়মনসিংহ | 04 June, 2025

নেত্রকোণার দুর্গাপুর সীমান্ত দিয়ে প্রথমবারের মতো ৩২ জন বাংলাদেশিকে পুশ-ইন করেছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ। মঙ্গলবার দিবাগত রাত ৩টার দিকে দুর্গাপুর উপজেলার বিজয়পুর সীমান্ত দিয়ে এ ঘটনা ঘটে।

পুশ-ইনকৃতদের মধ্যে ২২ জন নারী, ১ শিশু ও ৯ জন পুরুষ রয়েছেন।এ ছাড়া গোপন তথ্যের ভিত্তিতে বাংলাদেশ সেনাবাহিনী ও দুর্গাপুর থানা পুলিশ অভিযান চালিয়ে দুর্গাপুর বাজার এলাকা থেকে আরও ৮ জনকে আটক করেছে।

৩১ বিজিবির সহকারী পরিচালক আব্দুল আউয়াল জানান, বিজয়পুর বিওপির ১১৪৮/৬-এস পিলার সংলগ্ন এলাকা দিয়ে জগৎকুড়া গ্রামের ভেতরে প্রায় ৫০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে এদের পুশ-ইন করা হয়।পরে বিজিবি সদস্যরা অভিযান চালিয়ে তাদের আটক করে।

আটককৃতদের প্রাথমিকভাবে বিজয়পুর জেলা পরিষদ ডাকবাংলোতে এনে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে বলে জানিয়েছেন বিজিবির ওই কর্মকর্তা।জিজ্ঞাসাবাদে তারা জানিয়েছেন, তাদের বাড়ি দেশের বিভিন্ন জেলার – টাঙ্গাইল, বাগেরহাট, সাতক্ষীরা, যশোর, নড়াইল, ঢাকা, জামালপুর, ব্রাহ্মণবাড়িয়া, খুলনা, শেরপুর ও দিনাজপুরে।

জিজ্ঞাসাবাদ শেষে তাদেরকে দুর্গাপুর থানায় হস্তান্তর করা হবে বলে জানিয়েছে বিজিবি।

বিএসএফ পুশ-ইন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:18

URL: https://www.timestodaybd.com/mymensingh/3348775807